

শেয়ার মূল্য সংবেদনশীল তথ্য

ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ কর্তৃক ২০১৬ সালের নগদ ও স্টক লভ্যাংশ ঘোষণা এবং ২৫তম (পঁচিশতম)-বার্ষিক সাধারণ সভার সময়-সূচী :

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) এর পরিচালনা পর্ষদ সোমবার ২০ মার্চ ২০১৭ ইং তারিখ বিকেল ৩.০০ থেকে ৫.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় ২০১৬ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব বিবরণী গ্রহণ, চূড়ান্তভাবে বিবেচনা করেছেন যা আসন্ন ২৫তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

এছাড়া পরিচালনা পর্ষদ উক্ত সভায় ৩১শে ডিসেম্বর ২০১৬ ইং অর্থ বছরের জন্য নিম্নলিখিত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেনঃ

* নগদ লভ্যাংশ (ক্যাশ ডিভিডেন্ড) : ২০% (বিশ শতাংশ)

* স্টক লভ্যাংশ : ৫% (পাঁচ শতাংশ)

[প্রতি ১০০ শেয়ারের বিপরীতে ৫টি শেয়ার লভ্যাংশ হিসাবে প্রাপ্য হবেন]

ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ ২৫তম (পঁচিশতম) বার্ষিক সাধারণ সভার জন্য নিম্নলিখিত কর্মসূচী ঘোষণা করেছেনঃ

১. ২৫তম (পঁচিশতম) বার্ষিক সাধারণ সভার সময়-সূচী:

দিন ও তারিখ : বৃহস্পতিবার, ২৭ এপ্রিল ২০১৭

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

স্থান : স্পেকট্রা কনভেনশন সেন্টার লিমিটেড (এস,সি,সি, এল),
কিংস এন্ড গ্রিন হল (নিচ তলা)

হাউজ নং # ১৯, রোড নং # ৭, গুলশান-১, ঢাকা-১২১২

২. রেকর্ড ডেট : মঙ্গলবার, ১৯ এপ্রিল ২০১৭

৩. লভ্যাংশ গ্রহণের শর্তাবলী: রেকর্ড ডেট (১৯ এপ্রিল ২০১৭) অনুযায়ী যে সকল শেয়ারহোল্ডারগণের নাম ইবিএল এর শেয়ার রেজিস্টারে অথবা ডিপোজিটোরিতে লিপিবদ্ধ থাকবে তাঁরাই ঘোষনাকৃত লভ্যাংশ প্রাপ্তি এবং উপরোক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বিবেচিত হবেন।

৪. ইবিএল এর পরিচালনা পর্ষদ, নিয়ন্ত্রনকারী সংস্থাসমূহের নির্দেশনা অনুযায়ী নিম্নলিখিত তথ্য ঘোষণা করেনঃ

ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল)				
২০১৬ ও ২০১৫ সমাপ্ত আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের তুলনামূলক তথ্যঃ				
বিবরণী	ব্যাংক		গ্রুপ	
	২০১৬	২০১৫	২০১৬	২০১৫
নেট এ্যাসেট ভ্যালু (কোটি টাকা)	২,০৫৭	২,০৫০	২,০৮৩	২,০৭৯
নেট এ্যাসেট ভ্যালু পার শেয়ার (টাকা)	২৯.২৭	২৯.১৬	২৯.৬৪	২৯.৪৬
আরনিং পার শেয়ার (ই পি এস) (টাকা)	৩.৭৮	৩.১৬	৩.৮৬	৩.২৫
নেট অপারেটিং ক্যাশফ্লো পার শেয়ার (টাকা)	(৭.১৩)	১৭.১৮	(৮.০৯)	১৩.৩৮

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর সার্কুলার নং SEC/CMRRCD/2009-193/154 তারিখ ২৪ শে অক্টোবর ২০১৩ অনুযায়ী এবং Listing Regulations-2015 (DSE & CSE) এর রেগুলেশন ২৪(২) অনুযায়ী আসন্ন ২৫তম বার্ষিক সাধারণ সভায় কোন গিফট/গিফট কুপন/ফুড বক্স প্রদান করা হবেনা।

তারিখঃ ঢাকা, ২০ মার্চ ২০১৭



সাফিয়ার রহমান, এফসিএস
ডিএম ডি এন্ড কোম্পানী সচিব